# Times Today BD

ডেস্ক রিপোর্ট । লাইফস্টাইল । 24 April, 2025

ঘড়ি টিকটিক করে চলতে শুরু করেছে।ক্রমে সেই আওয়াজ যেন আরও জোরে শোনা যাচ্ছে।চতুর্থ শিল্পবিপ্লবে স্মার্ট প্রযুক্তির ব্যবহার ও শিল্পব্যবস্থা স্বয়ংক্রিয়করণের প্রক্রিয়া সময়ের সঙ্গে কেবলই বেগবান হচ্ছে। অটোমেশন ও কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাবে ভোক্তার আচরণগত পরিবর্তন ঘটছে প্রতিনিয়ত। তারই প্রভাবে বেশ কিছু চাকরি হারিয়ে যাবে সময়ের গহ্বরে। কিছু চাকরির ক্ষেত্র সংকুচিত হয়ে আসবে অনেকটাই। আবার একই সেক্টরে বেশ কিছু নতুন চাকরির কদরও বাড়বে। তবে সেসব চাকরির ক্ষেত্রে সংখ্যায় যথেষ্ট কম পেশাজীবীদের প্রয়োজন হবে।

১. পেশার নাম: ডাটা এন্ট্রি ক্লার্ক

যে কারণে বিলুপ্ত হবে যাবে: অটোমেশন সফটওয়্যারের কারণে প্রচুর ডেটা খুবই অল্প সময়ে সঠিকভাবে এন্ট্রি করা সম্ভব।

সংশ্লিষ্ট বিষয়ে নতুন যে পেশার গুরুত্ব বাড়বে: ডাটা অ্যানালিস্ট, এআই/অটোমেশন স্পেশালিস্ট

২. পেশার নাম: টেলিমার্কেটার

যে কারণে বিলুপ্ত হবে যাবে: এআইয়ের চ্যাটবটই হাতের মুঠোয় ন্যূনতম সময়ে নিঁখুতভাবে টেলিমার্কেটারদের কাজ করে দেবে।

সংশ্লিষ্ট বিষয়ে নতুন যে পেশার গুরুত্ব বাড়বে: সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিজিটাল মার্কেটিং অফিসার ও কাস্টমার সাকসেস ম্যানেজারদের কদর থাকবে।

৩. পেশার নাম: রিটেইল ক্যাশিয়ার

যে কারণে বিলুপ্ত হবে যাবে: সেলফ চেক-আউট সিস্টেমের কারণেই মূলত বিলুপ্ত হবে এই পেশা।আপনি যে পণ্য বা সেবা চান, তা নিজেই সিস্টেমে টাকা দিয়ে নিতে পারবেন।ক্যাশিয়ারের প্রয়োজন হবে না।যেমন অনলাইন সিস্টেমে পেমেন্ট করে কেনাকাটা করা বা মেট্রোরেলে অটোমেটেড মেশিনে টাকা দিয়ে কার্ড কিনে ভ্রমণ করা।

সংশ্লিষ্ট বিষয়ে নতুন যে পেশার গুরুত্ব বাড়বে: ই-কমার্স স্পেশালিস্ট, লজিস্টিক অ্যান্ড ইনইভেনটরি ম্যানেজার।

৪. পেশার নাম: ব্যাংক টেলার

যে কারণে বিলুপ্ত হবে যাবে: অনলাইন ব্যাংকিং ও অ্যাডভান্সড এটিএম সার্ভিসের কারণে সশরীর ব্যাংকে উপস্থিত হয়ে কাজ করার প্রয়োজন কমে যাবে।

সংশ্লিষ্ট বিষয়ে নতুন যে পেশার গুরুত্ব বাড়বে: ফিন্যান্সিয়াল অ্যাডভাইজার, ফিনটেক স্পেশালিস্ট।

৫. পেশার নাম: ট্রাভেল এজেন্ট

যে কারণে বিলুপ্ত হবে যাবে: অনলাইন ব্যাংকিং প্ল্যাটফর্ম ও এআই পাওয়ার্ড ট্রাভেল প্ল্যানিং ট্যুর থাকায় ট্রাভেল এজেন্টদের সঙ্গে সলাপরামর্শ করে ভ্রমণের পরিকল্পনা সাজানোর প্রবণতা কমে যাবে অনেকটাই।

সংশ্লিষ্ট বিষয়ে নতুন যে পেশার গুরুত্ব বাড়বে: ট্রাভেল কনসালট্যান্ট ফর নিশ মার্কেট (লাক্সারি ট্রাভেল, অ্যাডভেঞ্চার ট্যুরিজম, ইকো-ফ্রেন্ডলি ট্রাভেল—এসব ক্ষেত্রে কনসালট্যান্সির প্রয়োজন থাকবে), কনটেন্ট ক্রিয়েটর ও ইনফ্লুয়েন্সার।

৬. পেশার নাম: অ্যাসেম্বলি লাইন ওয়ার্কার

যে কারণে বিলুপ্ত হবে যাবে: রোবোটিকস ও অটোমেশনের কারণে।

সংশ্লিষ্ট বিষয়ে নতুন যে পেশার গুরুত্ব বাড়বে: রোবোটিকস টেকনিশিয়ান, কোয়ালিটি কন্ট্রোল স্পেশালিস্ট।

৭. পেশার নাম: পোস্টাল সার্ভিস ওয়ার্কার

যে কারণে বিলুপ্ত হবে যাবে: ডিজিটাল যোগাযোগ ও অনলাইন বিল-ব্যবস্থার কারণে ইতিমধ্যে পোস্ট অফিসের কর্মব্যস্ততা কমে গেছে অনেকটাই।

সংশ্লিষ্ট বিষয়ে নতুন যে পেশার গুরুত্ব বাড়বে: লজিস্টিকস অ্যান্ড সাপ্লাই চেইন স্পেশালিস্ট, কুরিয়ার অ্যান্ড ডেলিভারি ম্যানেজার।

৮. পেশার নাম: অ্যাকাউন্ট্যান্ট ও অডিটর

যে কারণে বিলুপ্ত হবে যাবে: এআইয়ের অ্যাকাউন্টিং সফটওয়্যারই এই পেশাদারদের কাজ করে দেবে।

সংশ্লিষ্ট বিষয়ে নতুন যে পেশার গুরুত্ব বাড়বে: ফরেনসিক অ্যাকাউন্ট্যান্ট (ফ্রড বা জালিয়াতির মতো আর্থিক বিষয়আশয় দেখভাল করার জন্য), ফিন্যান্সিয়াল টেকনোলজিস্ট।

সূত্র: লিংকড ইন

চাকরি স্মার্ট প্রযুক্তি সফটওয়্যার এআই

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:52

URL: https://www.timestodaybd.com/lifestyle/1364775807